



## প্রেস বিজ্ঞপ্তি

### নতুন বছরের প্রথম প্রহরে শিক্ষার্থীদের সাথে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের শুভেচ্ছা বিনিময়

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০১ জানুয়ারি ২০২৪খ্রিঃ

ইংরেজি নববর্ষের প্রথম প্রহরে শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রূ.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। ০১ জানুয়ারি রাত ১২ টায় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৪টি হলের শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময়ের জন্য হল পরিদর্শনে আসেন। নতুন বছর উপলক্ষে তিনি শিক্ষার্থীদের সাথে নিয়ে কেক কাটেন এবং তাদেরকে মিষ্টিমুখ করান। বছরের প্রথম প্রহরে উপাচার্যকে পাশে পেয়ে হলগুলোতে এক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরাই হচ্ছে এ বিশ্ববিদ্যালয়ের মূল চালিকাশক্তি, বিশ্ববিদ্যালয়ের প্রাণ। তোমাদের হাত ধরেই বরিশাল বিশ্ববিদ্যালয় সামনে এগিয়ে যাবে। তোমরাই একদিন দেশকে নেতৃত্ব দেবে জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে। উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রভোস্টবৃন্দ, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষকরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়